



## ফর্ম ৬ সংক্রান্ত নিয়মাবলী

### ক) সাধারণ নিয়মাবলীঃ

১. ASHA-রা নীল কালির কলম দিয়ে ফর্মটি পূরণ করবেন। পেনসিল ব্যবহার করা যাবে না।
২. ASHA-রা যে কোন একটি ভাষায় (বাংলা অথবা ইংরেজি) পুরো ফর্মটি পূরণ করবেন।
৩. কোনরকম হোয়াইটনার ব্যবহার করা যাবে না। নিতান্তই ওভাররাইটিং বা কোনরকম কাটাকুটি করতে হলে ASHA-কে পাশে বাধ্যতামূলক ভাবে স্বাক্ষর করতে হবে।
৪. ফর্মের কোন পাতা ছেঁড়া যাবে না।
৫. গৃহপরিদর্শনের সময়েই প্রশিক্ষণে প্রাপ্ত দক্ষতা অনুযায়ী পর্যবেক্ষণের ভিত্তিতে, ফর্মের নির্দেশিকা অনুসারে প্রাসঙ্গিক অংশগুলি সম্পূর্ণ ভর্তি করতে হবে। ফর্মটি পরে অন্য কোন সময় পূরণ করা যাবে না বা কোন প্রাসঙ্গিক অংশ ফাঁকা রাখা যাবে না।
৬. প্রত্যেকটি স্বতন্ত্র ফর্মের শেষ পৃষ্ঠাতে 'সরকারী স্ট্যাম্প ও তারিখ সহ' উপস্বাস্থ্যকেন্দ্রের এ.এন.এম বা দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের স্বাক্ষর বাধ্যতামূলক। ASHA প্রতি বুধবার ও মাসিক রিপোর্ট জমা দেওয়ার দিন সাব সেন্টারে এ.এন.এম বা দায়িত্বপ্রাপ্ত আধিকারিককে দিয়ে এটির যাথার্থ্য বিচার করিয়ে স্বাক্ষর করিয়ে নেবেন।
৭. জেলাস্তরের কোন প্রতিনিধির পরিদর্শনের সময় বা যাথার্থ্য যাচাই করার সময় কোনরকম সংশোধনের ক্ষেত্রে কালো কালি ব্যবহার করতে হবে। যিনি সংশোধন করছেন তাকে অবশ্যই পাশে সংক্ষিপ্ত স্বাক্ষর করতে হবে এবং পরে ফর্মের শেষ পৃষ্ঠাতে আরেকবার সংক্ষিপ্ত স্বাক্ষর করে পাশে নিজের পুরো নাম এবং পরিদর্শনের তারিখ লিখতে হবে।
৮. রাজ্যস্তরের কোন প্রতিনিধির পরিদর্শনের সময় বা যাথার্থ্য যাচাই করার সময় কোনরকম সংশোধনের ক্ষেত্রে লাল কালি ব্যবহার করতে হবে। যিনি সংশোধন করছেন তাকে অবশ্যই পাশে সংক্ষিপ্ত স্বাক্ষর করতে হবে এবং পরে ফর্মের শেষ পৃষ্ঠাতে আরেকবার সংক্ষিপ্ত স্বাক্ষর করে পাশে নিজের পুরো নাম এবং পরিদর্শনের তারিখ লিখতে হবে।
৯. উপরোক্ত নিয়মগুলির কোনরকম ব্যতিক্রম হলে সেই পরিদর্শনটি বাতিল বলে গণ্য হবে এবং উৎসাহভাতার জন্য বিবেচ্য হবে না।



## খ) ফর্ম পূরণ করার নিয়মাবলীঃ

১. ASHA-রা গৃহপরিদর্শনে গিয়ে ম্যাট্রিক্স-এর সাহায্যে যেভাবে কাজটি করবেন সেভাবেই ফর্মটি পূরণ করবেন। এক্ষেত্রে ম্যাট্রিক্স-এর ক্রম অনুযায়ী কাজটি করা বাধ্যতামূলক নয়।
২. প্রসূতি মহিলার তথ্য বিশদে লিখতে হবে।
৩. প্রসূতি মহিলার ঠিকানা লেখার সময় যেই বাড়ীতে সেই মহিলা উপস্থিত সেই বাড়ীটির ঠিকানাই লিখতে হবে (গ্রাম, সাব সেন্টার, গ্রাম পঞ্চায়েত, ব্লক, জেলা/স্বাস্থ্যজেলা)।
৪. প্রসূতি মহিলার 'আর.সি.এইচ আই.ডি.' অবশ্যই এম.সি.পি কার্ড দেখে লিখতে হবে।
৫. প্রসূতি মহিলা 'জননী সুরক্ষা যোজনার আওতাভুক্ত' কিনা সেটি উল্লেখ করতে হবে।
৬. 'দিন' ও 'তারিখ' সঠিক ভাবে উল্লেখ করতে হবে। এই প্রসঙ্গে উল্লেখনীয় যে প্রসবের দিনটির পরের দিনটি গৃহপরিদর্শনের ক্ষেত্রে '১ম দিন' হিসেবে গন্য হবে এবং সেই অনুযায়ী গৃহপরিদর্শনের বাকি দিনগুলি নির্ধারিত হবে। প্রাতিষ্ঠানিক প্রসবের পর এস.এন.সি.ইউ-তে স্থানান্তরিত একটি নবজাতক যেদিন ছাড়া পাবে সেই দিনটি তার ক্ষেত্রে '১ম দিন' হিসেবে গন্য হবে এবং সেই অনুযায়ী গৃহপরিদর্শনের বাকি দিনগুলি নির্ধারিত হবে।
৭. 'সময়' লেখার ক্ষেত্রে প্রসূতি মহিলার বাড়ীতে প্রবেশ করার সময় এবং পরিদর্শন শেষ করে বেরোবার সময় লিখতে হবে। (উদাহরণ - 'সময়ঃ ১০:৩০ - ১২:৩০')।
৮. ASHA প্রসূতি মহিলাকে জিজ্ঞাসা করে এবং প্রসূতি মহিলা ও নবজাতককে পর্যবেক্ষণ করে ফর্ম-এ সঠিক তথ্য পূরণ করবেন।
৯. ফর্মটিতে লেখার জন্য নির্দিষ্ট জায়গায় প্রশ্ন অনুযায়ী হয় তথ্য বা সংখ্যা লিখতে হবে অথবা 'হ্যাঁ/না'-তে '✓' দিতে হবে। অন্য কোন অংশে লেখা যাবে না।
১০. 'শিশুটিকে কি আধা শক্ত খাবার খাওয়ানো শুরু করা হয়েছে?' - এই বিভাগটি কেবল মাত্র ৬ মাস বা তার বেশি বয়সি শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য।
১১. প্রত্যেকটি স্বতন্ত্র ফর্মের শেষ পৃষ্ঠাতে ASHA-র নাম লেখা বাধ্যতামূলক।
১২. প্রত্যেকটি স্বতন্ত্র ফর্মের শেষ পৃষ্ঠাতে, প্রত্যেক গৃহপরিদর্শনের পরে, ঠিক ASHA-র নামের তলায়, তারিখ সহ ASHA-র স্বাক্ষর বাধ্যতামূলক।